



# গেমের কিছু মোবাইল অ্যাপ

## আনোয়ার হোসেন

গুগল প্লে স্টোরে অ্যান্ড্রয়েড ফোনে খেলার জন্য অনেক গেম পাওয়া যায়। সংখ্যায় বেশি হলে সুবিধার পাশাপাশি অসুবিধাও অনেক। চাইলেই হাজার হাজার অ্যাপের ভিড় থেকে সবচেয়ে ভালোটি খুঁজে বের করা সম্ভব নয়। আর তাই এ পর্বে আমরা বর্তমান সময়ে বাজারের জনপ্রিয় কিছু গেম সম্পর্কে জানব। এগুলোর কিছু ক্ষি খেলা গেলেও কিছুর জন্য পয়সা খরচ করতে হবে। পয়সা খরচ হোক বা না হোক, এ কথা নিশ্চিত করেই বলা যায়- সব গেমের প্রধান বৈশিষ্ট্য হচ্ছে বিশুদ্ধ বিনোদন। হাজারো ভিন্ন ভিন্ন বিভাগের গেম রয়েছে অনলাইনে। যেমন রোল প্লে, প্লাটফর্মিং, স্পোর্টস ইত্যাদি। এদের মধ্য থেকে স্বতন্ত্র বিভাগ অনুসারে সেরা গেমগুলোকে বেছে নেয়া হয়েছে যেন ফ্লাস, অফিস বা কাজ থেকে বাড়ি ফেরার পথে গাড়িতে বা অন্য কোনো অবসর সময় কাটে খাটি বিনোদনের সাথে।



### ওশানহর্ন

মনে করুন, এক  
সকালে ঘুম থেকে  
উঠে দেখলেন  
আপনার বাবাকে  
পাওয়া যাচ্ছে না।  
তবে তার লেখা

একটি চিঠি পাওয়া গেল। কোথায় খুঁজতে  
যাবেন বুবুতে পারবেন না। বাবার হারিয়ে  
যাওয়া রহস্য উদ্ঘাটন করতে বা তাকে খুঁজে  
পেতে আপনার কাছে ওই চিঠি ছাড়া আর যা  
সৃষ্টি আছে তা হলো একটি পুরনো নেটুরুক  
এবং রহস্যময় একটি হার। এখন প্রশ্ন, এগুলো  
ব্যবহার করে কীভাবে আপনার বাবাকে খুঁজে  
বের করবেন? এমনই এক গল্পের প্লটকে সামনে  
রেখে বাবামো হয়েছে গেমটি। গেমটিতে  
আপনাকে সমুদ্রের মাঝের দ্বিপের অনুসন্ধান  
চালাতে হবে। সেগুলো এমন এক বিশ্ব,  
যেখনে আছে বিপদ, রহস্য, পাজল ইত্যাদি।  
শুধু কি তাই, লড়াইয়ে নামতে হবে দৈত্যদের  
সাথে, জানুবিদ্যা শিখে তার ব্যবহার করতে  
হবে। এসবের পাশাপাশি সন্ধান চালাতে প্রাচীন  
রহস্যাগুরের, যা অভিযান চালাতে দরকার  
হবে। সব বুদ্ধিমত্তা ও দক্ষতার সর্বোচ্চ প্রয়োগ  
করে প্রাচীন আর্কেডিয়া রাজ্য ও সমুদ্রের দৈত্য  
ওশানহর্নের সব রহস্যের সমাধান করে এগিয়ে  
যেতে হবে। ওশানহর্নে আছে আকর্ষণীয়  
গল্পকথা, অসাধারণ ত্রিভিড় ভিজুয়াল এবং  
উভেজনাকর গেমপ্ল্যান- যার মধ্যে থাকা  
অ্যাকশন অ্যাডভেঞ্চর সহজে ভুলে যাওয়া  
সম্ভব নয়। গেমটির সাউন্ড কোয়ালিটি ও খুবই  
ভালো মানের।

### ড্রাগন বল হিরোজ

দ্য ড্রাগন বল সিরিজের গেমগুলো গত  
কয়েক বছর ধরেই গোরাদের মাতিয়ে রেখেছে  
এবং ওই ধারাবাহিকতায় এবার এসেছে ড্রাগন



বল হিরোজ। আপনি  
যদি ড্রাগন বলের  
একজন ভক্ত হন,  
তবে গেমটি খেলে  
মজা পাবেন। গেমে  
আপনাকে লড়াই  
করতে হবে ভিন্ন

ভিন্ন লেভেলে। আর ওইসব লড়াই অর্জন করে  
নিতে হবে আরো বেশি সক্ষমতা ও বিভিন্ন  
চারিত্র। এটিকে পোত্রেট মোডেও খেলার মতো  
করে তৈরি করা হয়েছে। তাই খুব সহজেই  
খেলা যাবে পথের মধ্যে। গেমটিতে আকিরা  
তোরিয়ামার নকশা করা নতুন অনেক চারিত্র  
নিয়েও খেলা যাবে। নতুন নতুন অভিযান  
উপভোগ করা যাবে গোকু ও অন্যান্য জনপ্রিয়  
সব চারিত্রের সাথে। এছাড়া রিয়েলটাইম যুদ্ধেও  
যুক্ত হওয়া যাবে বিশ্বব্যাপী ছড়িয়ে থাকা ড্রাগন  
বলের সব ভক্তের সাথে। তাই নিজের চারিত্রকে  
শক্তিশালী করার মাধ্যমে শক্তকে পরাজিত  
করতে গেমটি খেলা শুরু করতে পারেন  
এখনই।

### রিয়েল রেসিং ৩

রেসিং গেমের  
জনপ্রিয়তা গেমিং  
ইতিহাসের শুরু  
থেকেই ছিল, যা  
এখনো বর্তমান। তাই  
যারা গতির বাড়ে  
আনন্দ খুঁজে পান, তাদের জন্য রিয়েল রেসিং  
৩ নামের গেমটি হতে পারে দারকণ এক গেম।  
বিশ্বজুড়ে বিভিন্ন ট্র্যাকে মনের মতো সব গাড়ি  
নিয়ে গতির প্রতিযোগিতায় নামতে চাইলে এই  
গেমটি হতে পারে একেবারে আদর্শ। গেমটিতে  
পাওয়া যাবে অসংখ্য ইভেন্ট, ক্রস প্লাটফর্ম  
মাল্টিপ্লেয়ার অপশন এবং আরো অনেক  
কাস্টোমাইজিং অপশন। পুরক্ষার বিজয়ী এই



গেমটি মোবাইল গেমের ক্ষেত্রে এক নতুন  
আদর্শ মান ঠিক করেছে। এ ধারণা পেতে  
খেলতে হবে গেমটি। এতে আছে ৩৯টি  
সার্কিট, ১৭টি রিয়েল ওয়ার্ল্ড লোকেশন, ৪৩টি  
কার শিল্ড এবং শৌর্ষ উৎপাদকদের ১৪০টি  
গাড়ির বিস্তারিত। এতে ব্যবহার করা হয়েছে  
রিয়েল কার, রিয়েল ট্র্যাক এবং রিয়েল পিপল।  
কাপ রেসসহ এতে আছে ৪ হাজারের বেশি  
ইভেন্ট। গাড়ির পারফরম্যান্স সর্বোচ্চ করার  
জন্য নেয়া যাবে নানা পদক্ষেপ।

### ফোর্টনাইট

অ্যান্ড্রয়েড প্ল্যাটফর্মে যেসব গেম সবচেয়ে  
জনপ্রিয়, সেগুলোর মধ্যে অন্যতম হচ্ছে  
ফোর্টনাইট। তবে গেমারেরা এটিকে গুগল  
প্লেতে পাবেন না। গেমটি ডাউনলোড করতে  
হলে যেতে হবে গেমটির অফিসিয়াল  
ওয়েবসাইট এপিকগেমসে। বলা হয়ে থাকে,  
এটি হচ্ছে রাজকীয় স্টাইল আর বর্ণিল এক  
গেম। গেমটিতে ভালো করার জন্য এতে থাকা



ধাপগুলোকে অতিক্রম করে যেতে হবে। এটির  
যেমন আছে ভিন্ন ভিন্ন মোডের সফটওয়্যার  
প্যাকেজ, আবার আছে একই গেম ইঞ্জিন ও  
গেমপ্লানের শেয়ার অপশন। এর শেয়ার  
অপশনে রংয়ের ব্যাটেল গেমে ১০০ প্লেয়ার  
পর্যন্ত একসাথে খেলা যায়। এখানে  
খেলোয়াড়দের পুরো স্বাধীনতা থাকে তাদের  
নিজেদের দুনিয়া তৈরি করে নেয়ার।

### ইন্টু দ্য ডেড

পৃথিবী ধ্বংসের  
পথে। আপনাকে  
আপনার নিজের  
পরিবারকে বাঁচাতে  
হবে। আর সেজন্য যা  
করা দরকার সব কিছু  
করতে আপনাকে প্রস্তুত থাকতে হবে। লড়াইয়ে  
টিকে থাকতে গড়ে তুলতে হবে নিজের  
অস্ত্রভান্ডার। সেখানে থাকবে শক্তিশালী সব  
মারণাস্ত্র। আহত করা কিংবা মৃত শক্তদের শেষ  
করে দেয়া- সব কিছু করতে হতে পারে নিজের  
টিকে থাকার জন্য। প্রাণ বাঁচাতে ছুটতে হবে  
মানচিত্রের সব নকশা ধরে ধরে। চলতি পথে  
এগিয়ে যাওয়ার সাথে সাথে বিনাশ করতে হবে  
শক্তদের। গেমটির এগিয়ে যাওয়ার সাথে সাথে  
পাওয়া যাবে ভিন্নতার স্বাদ। পুরো গেমে সাতটি  
অধ্যায়, ৬০টি স্টেজ আর শত শত চ্যালেঞ্জ।  
নির্ধারিত কার্য সম্পাদনের পুরক্ষার মিলবে  
যেমন আনলক করা যাবে নতুন নতুন অন্ত্র।  
এমনকি চাইলে করা যাবে অন্ত্রের উন্নয়ন ক্ষ

